

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টম হাউস, ঢাকা।  
www.dch.gov.bd

নথি নং-৫-কাস-৮(১৯৪২)বিচার/কমি./বিবিধ/২০২৩/

তারিখ: /০৯/২০২৪ খ্রি.

সূত্র: এ দপ্তরের পত্র নথি নং- ৫-কাস-৮(১৯৪২)বিচার/কমি./বিবিধ/২০২৩/১০৯১৫, তারিখ: ০৮/০৯/২০২৪ খ্রি.

“ আদেশ ”

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণকারী যাত্রী আপনার/আপনাদের নিকট হতে (এ দপ্তরের সূত্রীয় পত্র স্মারক নং ৫-কাস-৮(১৯৪২)বিচার/কমি./বিবিধ/২০২৩/১০৯১৫, তারিখ: ০৮/০৯/২০২৪ খ্রি.এ উল্লিখিত ডিএম মূলে) আটককৃত (০১/০৮/২০২৪ খ্রি. হতে ৩১/০৮/২০২৪ খ্রি. পর্যন্ত) Liquor, Cigarette, Goree/Due Beauty Cream নামীয় পণ্যসমূহ আমদানি নিয়ন্ত্রিত/আমদানি নিষিদ্ধ এবং অপর্য়টক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৪ এর তফসিল-২ ও তফসিল-৩ এর বহির্ভূত পণ্য। উক্ত পণ্যসমূহ আমদানির মাধ্যমে সংশ্লিষ্ট যাত্রী আপনি/আপনারা অপর্য়টক যাত্রী ব্যাগেজ বিধিমালা, ২০২৪ এর বিধি ৩, ৭, ৮ ও ১০ এবং কাস্টমস আইন, ২০২৩ এর সেকশন ১৭ ও Import & Export (Control) Act, 1950 এর Section 3(1) এর বিধানসমূহ লঙ্ঘন করেছেন। ফলে, কাস্টমস আইন, ২০২৩ এর সেকশন ১৭(১) এর টেবিলভুক্ত Clause (5) অনুযায়ী আটককৃত পণ্যসমূহ বাজেয়াপ্তযোগ্য।

০২। বর্ধিতাবস্থায়, উল্লিখিত বিধান লঙ্ঘনের দায়ে আটককৃত পণ্যসমূহ কেন সরাসরি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না, তা কারণ দর্শাও নোটিশ জারির ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এই দপ্তরকে লিখিতভাবে জানানোর জন্য অনুরোধ করা হয়েছিল। উল্লিখিত সময়-সীমার মধ্যে কোন জবাব না পাওয়ায় উক্ত বিষয়ে আপনার/আপনাদের কোন বক্তব্য/আপত্তি নেই মর্মে বিবেচনা করে আটককৃত পণ্যসমূহ সরাসরি রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হলো।

নোটিশ বোর্ড  
কাস্টম হাউস, ঢাকা।


মোঃ সাইফুল ইসলাম  
রাজস্ব কর্মকর্তা (বিচার)

নথি নং-৫-কাস-৮(১৯৪২)বিচার/কমি./বিবিধ/২০২৩/ ১১৭২৬ (৬)

তারিখ: ০২ /০৯/২০২৪ খ্রি.

অনুলিপি সদয় অবগতির ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. অতিরিক্ত কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।
২. যুগ্ম কমিশনার-১/২/৩/৪, কাস্টম হাউস, ঢাকা।
৩. ডেপুটি/সহকারী কমিশনার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কাস্টম হাউস, ঢাকা।
৪. ডেপুটি/সহকারী কমিশনার, নিলাম ও পণ্য নিষ্পত্তি ব্যবস্থাপনা শাখা, কাস্টম হাউস, ঢাকা।
৫. সহকারী প্রোগ্রামার, কাস্টম হাউস, ঢাকা। [কাস্টম হাউস, ঢাকার ওয়েবসাইটে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো]।
৬. পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা (কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

  
মোঃ সাইফুল ইসলাম  
রাজস্ব কর্মকর্তা (বিচার)